

২। (হায়) কি সম্বন্ধ তাঁরই সনে, ভেবে কিছু পাই না মনে,
 (তাঁরে) আপন হাতে আপন জ্ঞানে, আমারই মন ভুলেছে ।
 (তাঁরে) বাবা বলে নিরবধি, (ডাকে) পিতা পুত্র,
 দৌহিত্র আদি ।

ভেঙ্গে দিয়ে বেদের বিধি, সে যে বেদাতীত ভাব দিতেছে ॥

৩। শুনিতে তাঁর মধুর বাণী কেড়ে লয় হায় এ পরাণী,
 তোরা শূন্বি যদি আয় সজনী, সময় ব'য়ে যেতেছে ।
 হে'রিয়ে তাঁর রাঙ্গা চরণ, (কত) দুঃখী তাপীয় জুড়ায় জীবন ।
 পাপী-তাপী উদ্ধার কারণ, আমার প্রেমের সিন্ধু এসেছে ॥

৪। আমার গোপালচাঁদ সেই রসের গোরা,

প্রেম রসেতে জারা জারা

দু'নয়নে বহে ধারা, ভেসে যেতেছে;

তার প্রেম তরঙ্গের প্রবল স্রোতে, ডুবল জগৎ নামে মেতে,
 কর্মদোষে ভবের পাকে, কুমুদ ডুবে মরেছে ॥

—কুমুদরঞ্জন



৬৩ নং

তাল--কাওয়ালী

রাগিনী--ভৈরবী

গুরুচাঁদ হৃদয় রতন ।

অযতনে বিদায় দিনু ওরে আমার কঠিন পরাণ ॥

১। থাকিতে তাঁহার করি নাই যতন,
 শূনি নাই তাঁর কোন বচন ।
 হারিয়ে ফেলেছি সে অমূল্য রতন,
 হারা ধন কি মিলিবে কখন ॥